মেহেরপুরে জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর কলেজ মোড়ে “জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ” নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। গণপূর্ত বিভাগের প্রায় ১৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিতব্য এই স্মৃতিস্তম্ভের নির্মাণ কাজের সূচনা হয় সোমবার সকালে, জেলা প্রশাসক সিফাত মেহনাজের নামফলক উন্মোচনের মাধ্যমে। উদ্বোধন শেষে সেখানে মোনাজাত অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস. এম. রফিকুল হাসান, সিভিল সার্জন ডা. এস. এম. আবু সাঈদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান, এলজিইডি’র নির্বাহী প্রকৌশলী শাখাওয়াত হোসেন, সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা খায়রুল ইসলাম, তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, সমাজসেবা উপ-পরিচালক আসাদুল ইসলাম, কৃষি সম্প্রসারণ উপ-পরিচালক শামসুল আলম, জেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ওয়ালিউল্লাহসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন সহকারী কমিশনার শেখ তৌহিদুল কবির, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রুহুল আমিন, বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধি তামিম ইসলাম ও খন্দকার মুহিত, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, সরকারি কলেজের শিক্ষক হেজমত আলী মালীথ্যা ও ফুয়াদ খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মনিরুল ইসলাম, ফায়ার সার্ভিস কর্মকর্তা শামীম রেজা, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা জামায়াতের রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন ও প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি শফিকুল ইসলাম মিন্টু প্রমুখ।

স্মৃতি সংরক্ষণ ও প্রজন্মকে ইতিহাস সম্পর্কে সচেতন করতে নির্মাণ হচ্ছে এই স্মৃতিস্তম্ভ।

ঝিনাইদহে বিএনপির সদস্য নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ কর্মসুচির উদ্বোধন

দুই লাখেরও বেশি নতুন সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা নিয়ে ঝিনাইদহে বিএনপির সদস্য নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ কর্মসুচি শুরু হয়েছে।

শনিবার সকালে ঝিনাইদহ শহরের একটি রেষ্টুরেন্টে এ কর্মসুচির উদ্বোধন করেন কেন্দ্রীয় ছাত্রদলের সাবেক সহ-সভাপতি শেখ আব্দুল হালিম খোকন।

জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনার পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু। অনুষ্ঠানে জেলা ছাড়াও ৬ উপজেলার কয়েক’শ নেতাকর্মী বিএনপির সদস্য নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ কর্মসুচি যোগদান করেন।

ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড এম এ মজিদের সভাপতিত্বে সদস্য সংগ্রহ কর্মসুচির অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিএনপির কেন্দ্রীয় নেতা আমিরুজ্জামান খান শিমুল, মীর রবিউল ইসলাম লাভলু, সাইফুল ইসলাম ফিরোজ, বিএনপির নির্বাহী কমিটির সদস্য আবু সাইদ, ও তারেকুজ্জামান তারেক বক্তব্য রাখেন।

বক্তৃতায় কেন্দ্রীয় নেতৃবৃন্দ বলেন, দেশ নায়ক তারেক রহমানের নির্দেশে বিএনপির সদস্য নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ কর্মসুচি শুরু হয়েছে। এর মাধ্যমে তৃণমুলে দল আরো শক্তিশালী হবে। নেতৃবৃন্দ নতুন সদস্য সংগ্রহ কর্মসুচি মধ্যে ফ্যাসিষ্ট আ’লীগের নেতাকর্মীরা ঢুকে যেতে না পারে সেদিকে খেয়াল রাখার উপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে তৃণমুলের নেতারা অভিযোগ করে বলেন, দলের পরীক্ষিত নেতারা আজ মিছিল মিটিংয়ে জায়গা পান না। ৫ আগষ্টের পর যারা দলে সক্রিয় তাদেরকে প্রাধান্য দেওয়া হচ্ছে। এগুলো বন্ধ করতে হবে। বক্তারা জেলা ও উপজেলার কতিপয় নেতার বিরুদ্ধে ফ্যাসিষ্ট আ’লীগের নেতাকর্মীদের আশ্রয় প্রশ্রয় দেওয়ার অভিযোগ করেন।

ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড এম এ মজিদ জানান, ঝিনাইদহের

৬৭ ইউনিয়নের প্রতিটিতে ১৮০০ করে নতুন সদস্য সংগ্রহ করা হবে। এ ছাড়া ৬টি পৌরসভার ৫৪টি ওয়ার্ডে ৯৭ হাজার দুই’শ সদস্য সংগ্রহ করা হবে। সব মিলিয়ে জেলায় দুই লাখ ১৭ হাজার ৮০০ নতুন সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্র রয়েছে।

মেহেরপুরে বিএনপির সদস্য নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ কর্মসূচির উদ্বোধন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মেহেরপুর জেলা শাখার আয়োজনে সদস্য নবায়ন ও প্রাথমিক সদস্য সংগ্রহ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৯ জুলাই) দুপুর ২টায় মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে আয়োজিত এ অনুষ্ঠানে নেতাকর্মীদের প্রাণবন্ত উপস্থিতিতে পুরো এলাকা উৎসবমুখর পরিবেশে পরিণত হয়।

অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির সাবেক কেন্দ্রীয় যুবদল নেতা ও সাবেক যুগ্ম মহাসচিব সাঈদ ইকবাল মাহমুদ টিটো।
জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিএনপির এই সদস্য সংগ্রহ অভিযান শুধু কাগজে-কলমে সীমাবদ্ধ নয়, এটি মানুষের হৃদয়ে বিএনপিকে পৌঁছে দেওয়ার এক ঐতিহাসিক প্রয়াস।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, বুয়েট ছাত্রদলের সাবেক সভাপতি আল মামুন গাজী এবং ছাত্রদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাবেক সহ-সাধারণ সম্পাদক ডা. সাব্বির শরিফ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা বিএনপির নেতৃবৃন্দ ইলিয়াস হোসেন, হাফিজুর রহমান হাফি, আব্দুল আওয়াল, মকবুল হোসেন মেঘলা, রোমানা আহাম্মেদ, ওমর ফারুক লিটন, রেজাউল হক, মশিউর রহমান, আখেরুজ্জামান, আবু সালেহ মোহাম্মদ নাসিম, কাওছার আলী, আজমুল হোসেন মিন্টু, বাকা বিল্লাহ, সাজিদুর রহমান বিপ্লব, সাবিয়া সুলতানসহ বিভিন্ন ইউনিয়ন বিএনপির সভাপতি ও নেতৃবৃন্দ।

অনুষ্ঠান শেষে নতুন সদস্যদের মাঝে সদস্যপদ ফরম বিতরণ করা হয়। কর্মসূচির ধারাবাহিকতা বজায় রেখে উপজেলার প্রতিটি ইউনিটে এ কার্যক্রম ছড়িয়ে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

মুজিবনগরে গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

মুজিবনগর কৃষি অফিসের আয়োজনে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

রবিবার ২৯ জুন সকাল ১০টার দিকে মুজিবনগর উপজেলা কৃষি অফিসের আয়োজনে ও উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মমিনের সভাপতিত্বে এ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল। তিনি উপজেলার বিভিন্ন সরকারি, বেসরকারি, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে চারা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন।

পরে উপজেলা কৃষি অফিসের উদ্যোগে মুজিবনগর স্বাধীনতা সড়কের দুই পাশে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। সেখানে মোট ১২০টি তাল গাছের চারা রোপণ করা হয় (প্রতিটি পাশে ৬০টি করে)।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি এবং সহমর ফারুক প্রিন্স।

উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল বলেন, “সময় স্বল্পতার মাঝেও এ বছর আমাদের প্রচুর পরিমাণে গাছ লাগানোর একটি ইচ্ছা ছিল, যার সূচনা হলো কৃষি অফিসের এই বৃক্ষরোপণ কর্মসূচির মাধ্যমে।”

উল্লেখ্য, বিভিন্ন সরকারি-বেসরকারি, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে বৃক্ষরোপণের জন্য চারা বিতরণ করা হয়েছে।

মেহেরপুরে বাস্কেট বল খেলার গ্রাউন্ড উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের উদ্যোগে বিদ্যালয় প্রাঙ্গণে বাস্কেটবল কোর্ট নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার সকালে এ নির্মাণ কাজের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম। উদ্বোধন উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গণে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং সেখানে মোনাজাত অনুষ্ঠিত হয়।

এ সময় উপজেলার নির্বাহী অফিসার মো: খায়রুল ইসলাম বলেন, মেহেরপুর সদর উপজেলায় কোনো বাস্কেটবল খেলার গ্রাউন্ড না থাকায় আমি যোগদানের পরেই অনুধাবন করি যে, মেহেরপুরে একটা বাস্কেট বল খেলার গ্রাউন্ড দরকার। আমি দেখলাম আমঝুপি যেহেতু খেলাধুলা, শিক্ষা সংস্কৃতি সবদিকেই এগিয়ে আছে, তাই ঐতিহ্যবাহী আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে এই গ্রাউন্ড করলে সকল শ্রেণির মানুষ সুবিধা পাবে। একদিকে যেমন মেহেরপুর থেকে খুব নিকটে অবস্থিত, অন্যদিকে আমঝুপি মিনি স্টেডিয়াম এখানেই অবস্থানের কারণে এর সুফল পাওয়া যাবে। এতদিন মেহেরপুরে কোন বাস্কেট বল খেলার গ্রাউন্ড না থাকায় ছাত্রছাত্রীদের ইচ্ছা থাকা স্বত্বেও এই খেলায় আগ্রহ হারিয়ে ফেলত।

ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও জনপ্রতিনিধিগণ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ

আলী, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফয়জুল কবীর, ইউপি সদস্য তৌফিক এলাহী, আরিফ হোসেন ও আব্দুল্লাহ।

বিদ্যালয় কর্তৃপক্ষ জানান, এই বাস্কেটবল কোর্ট নির্মাণের মাধ্যমে শিক্ষার্থীরা খেলাধুলায় আরও বেশি অংশগ্রহণ করতে পারবে, যা তাদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সাড়ে ৫ লক্ষ টাকা ব্যায়ে মেহেরপুর সদর উপজেলা পরিষদের অর্থায়নে এই ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন।

দামুড়হুদায় ফল উৎসব মেলা ও কৃষি উপকরণের উদ্বোধন

দামুড়হুদা উপজেলা কৃষি দপ্তরের উদ্যোগে ফল উৎসব মেলা ও কৃষি উপকরণের শুভ উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তিথি মিত্র। আজ বুধবার বেলা ১২ টার দিকে কৃষি অফিসের আয়োজনে ফল উৎসব মেলা ও কৃষি উপকরণের শুভ উদ্বোধন করা হয়।

এ সময় দেশীয় বিভিন্ন জাতের ফল দিয়ে সাজানো ইনস্টলটি ঘুরে দেখেন ও কৃষি উপকরণ ধানের বীজ ও নারিকেলের, তালের চারা কৃষকদের হাতে তুলে দেন উপজেলা নির্বাহী অফিসার তিথি মিত্র।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, সমাজ সেবা কর্মকর্তা তোফাজ্জল হক, প্রকৌশলী কর্মকর্তা আব্দুর রশিদ, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ, একাডেমি মাধ্যমিক স্কুল সুপার ভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার বিশ্বাসসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ ও আমন্ত্রণিত অতিথিবৃন্দ।

মেহেরপুরে দিনব্যাপী কাব কার্নিভাল উদ্বোধন

বাংলাদেশ স্কাউটস মেহেরপুর সদর উপজেলার উদ্যোগে এবং স্কাউট প্রোগ্রাম বিভাগের ব্যবস্থাপনায় দিনব্যাপী ‘কাব কার্নিভাল ২০২৫’ উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে মেহেরপুর জেলা স্কাউট ভবন (কবি নজরুল শিক্ষা মঞ্জিল) মাঠে এ অনুষ্ঠানের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা স্কাউটসের সভাপতি মো. খায়রুল ইসলাম।

প্রার্থনা সংগীত পরিবেশনের মধ্য দিয়ে জাতীয় পতাকা ও কাব পতাকা উত্তোলন করে অনুষ্ঠানের সূচনা হয়। প্রার্থনা সংগীত পরিবেশন করে তেরোঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাব সদস্য মুসলিমা খাতুন।

সদর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ফারুক উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মনিরুল ইসলাম।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সদর উপজেলা স্কাউটসের সম্পাদক আশরাফুজ্জামান। এ সময় উপস্থিত ছিলেন জেলা স্কাউটসের সাধারণ সম্পাদক আবুল হোসেন, উপজেলা কমিশনার শফিকুল ইসলাম মিন্টু, যুগ্ম সম্পাদক মিনারুল ইসলাম, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম, তেরোঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ইউনিট লিডার মঞ্জু খাতুনসহ বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা।

প্রধান অতিথির বক্তব্যে মো. খায়রুল ইসলাম বলেন, আগামীর বাংলাদেশকে নিরাপদ রাখতে আজ থেকেই শিশুদের প্রস্তুতি নিতে হবে। ভালো মানুষ হতে হলে কাব আন্দোলনের শিক্ষা গ্রহণ করে জীবনকে সঠিক পথে পরিচালিত করতে হবে। প্রতিকূল পরিবেশে টিকে থাকতে

স্কাউটিং এর বিকল্প নেই।

মেহেরপুরে তিনদিনব্যাপী আম মেলার উদ্বোধন

রপ্তানিযোগ্য আম উৎপাদন প্রকল্পের আওতায় মেহেরপুরে শুরু হয়েছে তিনদিনব্যাপী আম মেলা।

জেলা প্রশাসন ও জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ উদ্যোগে রোববার সকালে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের খামারবাড়ি প্রাঙ্গণে এ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ সামছুল আলম।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএডিসির উপপরিচালক হাফিজুল ইসলাম ও সহকারী জেলা শিক্ষা অফিসার আব্দুল রহিম।

স্বাগত বক্তব্য প্রদান করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক শায়খুল ইসলাম। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপসহকারী কৃষি কর্মকর্তা আশরাফুল আলম ও চায়না পারভিন প্রমুখ।

গাংনীতে জাতীয় ফল মেলার উদ্বোধন

“দেশী ফল বেশি খাই, আসুন ফলের গাছ লাগাই” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনীতে তিন দিন ব্যাপি জাতীয় ফল মেলা ২০২৫ এর উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে দিবসটি উপলক্ষ্যে ফিতা কেটে মেলার উদ্বোধন করেন বীর মুক্তিযোদ্ধা,উপজেলা মুক্তিযোদ্ধার সাবেক কমান্ডার ও বিএনপির প্রবীণ নেতা শামসুল আলম সোনা।

সংক্ষিপ্ত আলোচনায় বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন, কৃষি কর্মকর্তা (কৃষিবিদ) মোঃ ইমরান হোসেন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ আরাফাত মিয়া।

এ সময় উপসহকারী কৃষি কর্মকর্তা মোঃ শাহীন রেজা জুয়েল, নাইমুর রহমান, মো ফরিদ উদ্দিন ও মর্তুজা জামানসহ স্থানীয় কৃষক গণ উপস্থিত ছিলেন।

মেলায় দেশীয় বিভিন্ন ফলের স্টল সাজানো হয়েছে।

মুজিবনগরে তিন দিনব্যাপী ফল মেলা উদ্বোধন

“দেশি ফল বেশি খাই, আসুন ফলের গাছ লাগাই” প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে তিন দিনব্যাপী ফল মেলার উদ্বোধন করা হয়েছে।

উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি অফিসের উদ্যোগে উপজেলা কৃষি অফিস প্রাঙ্গণে বৃহস্পতি থেকে শনিবার পর্যন্ত চলবে এই ফল মেলা। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মিজানুর রহমান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স এবং সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

ফিতা কেটে মেলার উদ্বোধনের পর ইউএনও পলাশ মন্ডল অতিথিদের সঙ্গে নিয়ে মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

মেলায় ৪টি স্টলে আম, জাম, কাঁঠাল, কলা, ড্রাগন, লেবু, তাল, কামরাঙ্গা, খেজুর, জামরুল, পেঁপে, গাব, আঁশফল, মালটা ও পেয়ারাসহ বিভিন্ন প্রজাতির দেশি ফল প্রদর্শিত হয়েছে।

স্থানীয় কৃষকদের উৎসাহিত করা এবং জনগণের মধ্যে দেশি ফলের গুরুত্ব তুলে ধরার লক্ষ্যে এ মেলার আয়োজন করা হয়েছে বলে জানান আয়োজকরা।